# বেইল বন্ড উপভোক্তার অধিকার বিল

আইন অনুসারে কোনও চুক্তিতে সই করার *আগে* বেইল বন্ডের এজেন্ট আপনাকে অবশ্যই এই নথির একটি কপি প্রদান করবেন। এখানে আপনার অধিকারসমূহ, কীভাবে প্রক্রিয়া কাজ হয় এবং বেইল বন্ডের এজেন্টরা সর্বোচ্চ কত ফি নিতে পারে তা সম্পর্কে বলা আছে। এটিতে সই করার আগে সময় নিয়ে পড়ুন এবং বুঝুন। এই বেইল বন্ড এজেন্ট চুক্তি সহ যে কোনও স্বাক্ষরিত নথি অবশ্যই আপনাকে রাখার জন্য দেবেন।

## আপনার অধিকারগুলি জানুন

**বেইল বন্ড এজেন্টের এগুলি করা বেআইনি:**

- বেইল বন্ডের জন্য আইন অনুসারে অনুমোদিত ফি (প্রিমিয়ামও বলা হয়) এর বেশি ফি নেয়া। সর্বোচ্চ ফি চার্ট দেখুন। বেইল বন্ড এজেন্ট ফি নিলে তা ফেরতযোগ্য নয়, এর মানে আপনার অর্থ আপনি ফেরত পাবেন না।
- অন্যান্য ফি সহ যদি পরিষেবার জন্য অতিরিক্ত ফি নেয়া, যা সর্বোচ্চ ফি এর থেকে বেশি। পরিষেবাসমূহের নাম “ক্যারিয়ার ফি” বা “চেক-ইন ফি” হতে পারে।
- যদি সর্বোচ্চ ফি ইতিমধ্যেই দেয়া হয়ে থাকে তাহলে বেইল বন্ডের জন্য কাউকে আরও ফি দেওয়া।

**আপনার যা অধিকার আছে:**

- বেইল বন্ড এজেন্টের নাম এবং লাইসেন্স নম্বর জানা এবং এই তথ্য লিখিতভাবে পাওয়া।
- বেইল বন্ড এজেন্টের সঙ্গে চুক্তি নিয়ে দর কষাকষি করা।
- নথি সই করার আগে পর্যালোচনা করার জন্য উক্ত স্থান থেকে নথি নিয়ে যাওয়া।
- আপনার নিশ্চিতকরণের অতিরিক্ত জামানত বেইল বন্ড এজেন্ট কখন ফেরত দেবেন ও কী শর্তে তা বলা আছে এমন চুক্তি পাওয়া। নিশ্চিতকরণের অতিরিক্ত জামানত হতে পারে নগদ অর্থ, সম্পত্তি যেমন বাড়ির দলিত বা মূল্যবান কিছু যা বেইল বন্ড এজেন্ট মামলা না শেষ হওয়া অবধি রেখে দেবেন। নিশ্চিতকরণের অতিরিক্ত জামানত ফেরতযোগ্য, তাই মামলা শেষে আপনি এটি ফেরত পাবেন। তবে, বেইল বন্ড এজেন্ট হয়তো নিশ্চিতকরণের অতিরিক্ত জামানত রাখতে পারেন যদি বিবাদী আদালতের আদেশ লঙ্ঘন করে; উদাহরণস্বরূপ, যদি বিবাদী আদালতে নির্ধারিত সময়ে উপস্থিত না হন।
- যদি বিচারক সিদ্ধান্ত নেন যে বিবাদী আদালতের সমস্ত নির্দেশ মেনে চলেন তাহলে আপনার দেওয়া নিশ্চিতকরণের অতিরিক্ত জামানত ফেরত পাবেন। *যদি বিবাদী দোষী সাব্যস্ত হন বা খালাস পান সেটা কোনও ব্যাপার নয়।*

**প্রক্রিয়া কীভাবে কাজ হয়**

আপনার ঘনিষ্ঠ কেউ গ্রেপ্তার হয়েছেন ও অভিযুক্ত হয়েছেন। →

আদালত জামানত নির্ধারণ করে। যদি আপনি আদালতে নগদে সরাসরি জামানত দিতে না পারেন, তাহলে আপনি বেইল বন্ডের ব্যবস্থা করতে জামানত বন্ডের এজেন্টের কাছে যেতে পারেন। জামানত বন্ডের এজেন্ট ব্যবহারের আগে আপনার অধিকারগুলি জানুন! আপনার অধিকারগুলি দেখুন। →

আপনি বেইল বন্ড এজেন্টকে অর্থ প্রদান করেছেন, সম্ভবত নিশ্চিতকরণের অতিরিক্ত জামানত প্রদান করেছেন এবং একটি চুক্তিতে সই করেছেন। বেইল বন্ড এজেন্ট বেইল বন্ড সুরক্ষিত রাখবেন। ↓

বিবাদী জেল থেকে মুক্তি পেয়েছে। ←

মামলা চলাকালীন, বিবাদীকে আদালতের সমস্ত আদেশ মেনে চলতে হবে এবং নির্ধারিত সময়ে আদালতে উপস্থিত হতে হবে। না হলে, আদালত বেইলের প্রত্যাহার করবেন, এর মানে বন্ড বাজেয়াপ্ত করা হবে এবং আপনি আপনার নিশ্চিতকরণের অতিরিক্ত জামানত হারাবেন। ↓

যদি বিচারক বন্ড "মুক্ত" করেন, তখন বেইল বন্ড এজেন্টকে অবশ্যই নিশ্চিতকরণের অতিরিক্ত জামানত ফেরত দিতে হবে। আদালতের কাছে মুক্তির কাগজপত্র থাকে, একে "হস্তান্তরের" বলা হয়, যেখানে বেইল মুক্তি করা হয়েছে কিনা বলা আছে এবং এটিকে আপনি প্রমাণ হিসেবে বেইল বন্ড এজেন্টকে দেখাতে পারেন।

বেইল বন্ড এজেন্ট আপনাকে অবিলম্বে নিশ্চিতকরণের অতিরিক্ত জামানত ফেরত দেবেন বা ডাকযোগে আপনাকে পাঠাবেন।

চলবে >

### সর্বোচ্চ ফি চার্ট

বেইল বন্ডের জন্য বেইল বন্ড এজেন্ট সর্বোচ্চ ফি নির্ধারণ করার ফর্মূলা:

- যদি বন্ড $200 বা তার কমের হয়, তাহলে সর্বোচ্চ ফি হবে $10।
- যদি বন্ড $200 এর বেশির হয়, তাহলে সর্বোচ্চ ফি হবে:
    - পরিমাণের 10%, $3,000 পর্যন্ত
    - $3,000 এবং $10,000 এর মধ্যে যে কোনও পরিমাণের জন্য অতিরিক্ত 8%
    - $10,000 এর বেশি যে কোনও পরিমাণের জন্য অতিরিক্ত 6%

বন্ডের আকারের ভিত্তিতে সর্বোচ্চ ফি নির্ধারণ করা হয়, কতজন এতে সই করছেন তার ভিত্তিতে নয়। যদি বন্ডের সর্বোচ্চ ফি $100 হয় এবং দুই বা চার জন লোক সই করেন তাহলে বেইল বন্ড এজেন্ট তখনও মোট $100 নেবেন।

| বেইল বন্ডের পরিমাণ | ফি গণনা | সর্বোচ্চ ফি |
|---|---|---|
| $1 থেকে $200 | $10 | $10 |
| $1,000 | $1,000 এর 10% | $100 |
| $5,000 | $3,000 এর 10% + $2,000 এর 8% | $460 |
| $7,500 | $3,000 এর 10% + $4,500 এর 8% | $660 |
| $10,000 | $3,000 এর 10% + $7,000 এর 8% | $860 |
| $20,000 | $3,000 এর 10% + $7,000 এর 8% + $10,000 এর 6% | $1,460 |
| $50,000 | $3,000 এর 10% + $7,000 এর 8% + $40,000 এর 6% | $3,260 |

সর্বোচ্চ ফি গণনার একটি অনলাইন উপকরণ: https://nybondcalculator.org/

### বেইল বন্ড আইন ভাঙলে কী করতে হবে

লাইসেন্স নেই এমন বেইল বন্ড এজেন্ট বা বেইল বন্ড এজেন্ট বেআইনি ফি চাইছেন বা নিশ্চিতকরণের অতিরিক্ত জামানত ফেরত দিতে পারেন নি এমন অভিযোগ জানাতে তাহলে (800) 342-3736 নম্বরে বা dfs.ny.gov এর মাধ্যমে নিউইয়র্ক স্টেটের আর্থিক পরিষেবা বিভাগের (Department of Financial Services, DFS) সঙ্গে যোগাযোগ করুন।

অন্যান্য বেআইনি ব্যবসার অভিযোগ জানাতে 311 নম্বরে ফোন করে বা nyc.gov/dca এ নিউইয়র্ক সিটি গ্রাহক উপভোক্তা বিষয় বিভাগের (New York City Department of Consumer Affairs, DCA) সঙ্গে যোগাযোগ করুন। বেআইনি ব্যবসা হলো নথির কপি প্রদান করতে অস্বীকার করা, সম্পূর্ণ রসিদ প্রদান করতে না পারা বা অবৈধ রসিদ প্রদান বা মিথ্যা বিজ্ঞাপনী প্রচার।

## উপভোক্তাকে যা সম্পূর্ণ করতে হবে

যদি আপনার পছন্দের ভাষা সিটি জুড়ে নির্ধারিত ছয়টি ভাষার (স্প্যানিশ, বাংলা, চাইনিজ, হাইতিয়ান ক্রেওল, কোরিয়ান, রাশিয়ান) একটি হয় তাহলে বেইল বন্ড এজেন্ট আপনাকে এই নথি অবিলম্বে প্রদান করবেন।

______________________________ ______________________________

স্বাক্ষর তারিখ

______________________________

ছাপানো নাম